## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
### উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
### দিনাজপুর সদর, দিনাজপুর।

সূত্র নং-১৬.০১.২৭০০.০০১.০৩.০০১.২৩.৩২৯ তারিখ : ৩১-০৩-২০২৬ খ্রি.

# অস্থায়ী নিয়োগ বিজ্ঞপ্তি

দিনাজপুর সদর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে (জালালপুর, ৮নং শংকরপুর ইউনিয়নস্থ) নিম্নোক্ত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদবী | পদ সংখ্যা | মাসিক সম্মানি (সর্বসাকুল্যে) | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | পেশ ইমাম | ০১ জন | ১৫,০০০/- | (ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রী/দাওরায়ে হাদীস পাশ। কোন প্রতিষ্ঠানের খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসাবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) হাফেজ-ই-কোরআন ও ইলমেক্বিরাতএর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত হতে হবে। হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন।<br>(গ) আরবীতে কথা ও আরবীতে উপস্থিত খুৎবা পাঠ এবং ইসলামের উপর গবেষণা ধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ০২। | মুয়াজ্জিন | ০১ জন | ১০,০০০/- | (ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসাবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) হাফেজ-ই-কোরআন ও ইলমেক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৩। | খাদিম | ০২ জন | ৭,৫০০/- | (ক) দ্বিতীয় শ্রেণির আলিম বা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী।<br>(খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে।<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে/খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

**শর্তাবলী :**

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

০২। আবেদনপত্রে প্রার্থীকে (ক) নিজ নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ ও বয়স (আবেদনের তারিখে বয়স ১৮ বছরের বেশি হতে হবে), (ছ) জাতীয়তা (জ) শিক্ষাগত যোগ্যতা (ঝ) অভিজ্ঞতা এবং (ঞ) মোবাইল নম্বর উল্লেখ পূর্বক আবেদন করতে হবে।

০৩। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সমূহ সংযুক্ত করতে হবে :

(ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি।
(গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।
(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি।

৪। আবেদনকারী প্রার্থীকে ইমাম পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা, মুয়াজ্জিন পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা এবং খাদিম পদের জন্য ২০০/- (দুইশত) টাকা মানের অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিনাজপুর সদর, দিনাজপুর বরাবরে করে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৫। সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিনাজপুর সদর, দিনাজপুর বরাবর করতে হবে এবং উক্ত আবেদনপত্র আগামী ২৩/০৪/২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্র, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে, দিনাজপুর সদর, দিনাজপুরে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। খামের উপর পদের নাম স্পষ্টভাবে লিখতে হবে।

৬। আবেদনপত্র প্রাথমিকভাবে যাচাই পূর্বক শুধুমাত্র যোগ্য প্রার্থীদের পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আহ্বান করা হবে। বাছাইকৃত প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ পরে জানানো হবে।

৭। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না। একাধিক পদে আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

৮। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে বিষয়টি প্রমাণ সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। যে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১১। নিয়োগের জন্য সুপারিশ প্রাপ্ত প্রার্থীকে শারীরিক সুস্থতা সম্পর্কে উপযুক্ত প্রমানপত্র (সিভিল সার্জন কর্তৃক) দাখিল করতে হবে।

১২। আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৩১/০৩/২৬

মোঃ বোরহান উদ্দিন
সহকারী কমিশনার (ভূমি)
দিনাজপুর সদর, দিনাজপুর
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ
www.bhaluka.mymensingh.gov.bd

নম্বর: ০৫.৪৫.৬১১৩.০০১.৪৩.০০২.২৬-২১৮

তারিখ: ২৭ ফাল্গুন, ১৪৩২ ব.
১২ মার্চ, ২০২৬ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন ভালুকা উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে ৩টি পদবীর বিপরীতে ০৪টি পদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল (শুধু মুসলমান পুরুষ) নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসমূহ পূরণসাপেক্ষে নির্ধারিত ফরমে বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদবী | পদ সংখ্যা | মাসিক সম্মানী (সর্বসাকুল্যে) | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | পেশ ইমাম | ০১ | ১৫,০০০/- | (ক) দ্বিতীয় শ্রেণির কামিল /দাওরায়ে হাদীছ পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত এবং হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন।<br>(গ) আরবীতে কথা ও আরবীতে উপস্থিত বক্তৃতা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ০২ | মুয়াজ্জিন | ০১ | ১০,০০০/- | (ক) দ্বিতীয় শ্রেণির আলিম/সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৩ | খাদিম | ০২ | ৭,৫০০/- | (ক) দ্বিতীয় শ্রেণির আলিম/সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী।<br>(খ) শারীরিক ভাবে সুস্থ ও সক্ষম হতে হবে।<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

২. নিয়োগের শর্ত, আবেদন ফরম এবং আবেদন প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভালুকা, ময়মনসিংহের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে (www.bhaluka.mymensingh.gov.bd) চোখ রাখতে অনুরোধ করা হলো।

(মোঃ ফিরোজ হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ভালুকা, ময়মনসিংহ
মোবাইলঃ ০১৭৩৩৩৭৩৩৩৪
ইমেইলঃ unobhaluka@mopa.gov.bd